



বিআরডিবি

পল্লী পরিক্রম

www.brdb.gov.bd

নভেম্বর ২০১৮ বর্ষ ১ সংখ্যা ২

ভেতরের পাতায় গুরুত্বপূর্ণ শিরোনাম...

- ৪র্থ জাতীয় উন্নয়ন মেলায় ২
বিআরডিবি'র সক্রিয় অংশগ্রহণ
- বরিশাল জেলার সাথে ভিডিও ২
কনফারেন্স অনুষ্ঠিত
- সিলেটে নায়েম এর ১৫২তম ৩
বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন
- পল্লী ভবনে ডেনমার্ক প্রতিনিধি দল ৩
- BRDB-HELVETAS এর ৪
প্রশিক্ষণ সমাপন
- মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক গঙ্গাচড়ায় ৪
পিআরডিপি-৩ এর প্রকল্প উদ্বোধন



মহাপরিচালকের বার্তা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের অনলাইন নিউজলেটার 'পল্লী পরিক্রম' এর নভেম্বর ২০১৮ সংখ্যা প্রকাশিত হ'ল। এ দায়িত্বপূর্ণ কাজটি সাফল্যের সঙ্গে নিয়মিতভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই। বর্তমান সরকারের রূপকল্প ২০২১ ও ২০৪১ এবং বিশ্বজনীনভাবে গৃহীত ও অনুসৃত টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goals)-কে সুবিবেচনায় রেখে সরকার যে উন্নয়ন অভিযাত্রা সূচনা করেছে এবং যে অদম্য গতিধারায় বাংলাদেশ এগিয়ে চলেছে, বিআরডিবি সে গতিতে প্রাণ যুক্ত করেছে।

জিডিপি'তে বিআরডিবি'র অবদান প্রায় বৈদেশিক সাহায্যের সমান

৪৯তম পর্ষদ সভায় এলজিআরডি মন্ত্রী



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের পরিচালনা পর্ষদের (Board of Directors) ৪৯তম সভা ২৫ অক্টোবর ২০১৮ খ্রিষ্টাব্দ, ১০ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ, বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় অনুষ্ঠিত হয়। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং বিআরডিবি পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান জনাব খন্দকার মোশাররফ হোসেন, এমপি সভায় সভাপতিত্ব করেন। পরিচালনা পর্ষদের

সম্মানিত ভাইস-চেয়ারম্যান এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মশিউর রহমান রীশা, এমপি, জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশনের সভাপতি জনাব ইসরাফিল আলম এমপি, স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব ড. জাফর আহমেদ খান, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সিনিয়র সচিব জনাব এস.এম. গোলাম ফারুকসহ পরিচালনা পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। সভাটি সঞ্চালন করেন পর্ষদের সদস্যসচিব ও বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মঈদুদউর রশীদ সফদার (২য় পৃষ্ঠায়)

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে নব যোগদানকৃত সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদারকে বিআরডিবি কর্তৃক ফুলেল শুভেচ্ছা



বাংলাদেশ সচিবালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষে গত ১২/১১/২০১৮ খ্রি. তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে সদ্য যোগদানকৃত সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদারকে মহাপরিচালক, বিআরডিবি এর পক্ষ হতে ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়।

বিআরডিবি'তে সিনিয়র সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উপস্থিতি বিআরডিবি'র কার্যক্রম পর্যালোচনা সভা অনুষ্ঠিত

গত ০৫/০৯/২০১৮ খ্রি. তারিখে সম্মেলন কক্ষে বিআরডিবি'র কার্যক্রম পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সিনিয়র সচিব জনাব এস এম গোলাম ফারুক। সভায় সভাপতিত্ব করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মঈদুদউর রশীদ সফদার। সভায় সিনিয়র সচিব মহোদয় আগামী এক সপ্তাহের মধ্যে বিআরডিবি'র সাংগঠনিক কাঠামো হালনাগাদ প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।





বাংলাদেশ পঞ্জী উন্নয়ন বোর্ডের ত্রৈমাসিক অনলাইন নিউজলেটার বিআরডিবি পঞ্জী পরিক্রমা

নভেম্বর ২০১৮ বর্ষ ১ সংখ্যা ২

৪র্থ জাতীয় উন্নয়ন মেলায় বিআরডিবি'র সক্রিয় অংশগ্রহণ



মহাপরিচালক, বিআরডিবি কর্তৃক উন্নয়ন মেলার স্টল পরিদর্শন



সিনিয়র সচিব, পঞ্জী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক উন্নয়ন মেলার স্টল পরিদর্শন



মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক গঞ্জাচড়া উপজেলায় উন্নয়ন মেলায় বিআরডিবি'র স্টল পরিদর্শন



সিনিয়র সচিব, পঞ্জী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক উন্নয়ন মেলার স্টল পরিদর্শন



শিক্ষার্থী কর্তৃক উন্নয়ন মেলার স্টল পরিদর্শন

গত ৪-৬ অক্টোবর, ২০১৮ খ্রি. তারিখ ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা ঢাকাস্থ আগারগাঁও, বাণিজ্যমেলার মাঠে অনুষ্ঠিত হয়। 'উন্নয়নের অভিযাত্রায় অদম্য বাংলাদেশ' এ স্লোগানকে সামনে রেখে বাংলাদেশ পঞ্জী উন্নয়ন বোর্ড ঢাকা জেলাদপ্তর কর্তৃক আয়োজিত স্টলে কারুপঞ্জী'র পণ্য সামগ্রী প্রদর্শন ও সুলভ মূল্যে বিক্রির ব্যবস্থা করা হয়। বিআরডিবি ঢাকা জেলা কর্তৃক আয়োজিত উন্নয়ন মেলার স্টলে পঞ্জী উন্নয়ন ও সমবায় বিভাগের সিনিয়র সচিব জনাব এস.এম. গোলাম ফারুক, বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদারসহ মন্ত্রণালয় ও বিআরডিবি'র সিনিয়র কর্মকর্তাবৃন্দ স্টল পরিদর্শন করেন।

বরিশাল জেলার কর্মকর্তাদের সাথে বিআরডিবি'র সদর কার্যালয়ের ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত

গত ২১/১০/২০১৮ খ্রি. তারিখে বরিশাল জেলার সাথে বিআরডিবি'র সদর কার্যালয়ের মধ্যে ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়। উক্ত ভিডিও কনফারেন্স অনুষ্ঠানে বরিশাল জেলা হতে মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার মহোদয় এবং সদর দপ্তরের পরিচালক (প্রশাসন), জনাব মোঃ হাসানুল ইসলাম, এনডিসি ও বিআরডিবি'র অন্যান্য সিনিয়র কর্মকর্তাদের সাথে বরিশাল জেলার কার্যক্রম নিয়ে মতবিনিময় করেন। ফলে বিআরডিবি'র মাঠ পর্যায়ের কার্যক্রমে গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাচ্ছে এবং কর্মপরিবেশ উন্নত হচ্ছে।



বিআরডিবি'তে গণশুনানী অনুষ্ঠিত



বিআরডিবি'র কর্মকর্তা/কর্মচারী এবং ইউসিসিএ'র চেয়ারম্যানদের উপস্থিতিতে ২৪.৯.১৮ তারিখে গণশুনানী অনুষ্ঠিত হয়।

৪৯ তম বোর্ড সভা অনুষ্ঠিত ১ম পৃষ্ঠার পর-সভায় ১৪টি বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। এর মধ্যে উল্লেখযোগ্য হলো বাংলাদেশ পঞ্জী উন্নয়ন বোর্ড আইন, ২০১৮ সম্পর্কে পর্যদকে অবহিতকরণ, ২০১৭-২০১৮ অর্থ বছরের কার্যক্রম এবং ২০১৮-২০১৯ অর্থ বছরের কর্মপরিকল্পনা ও কর্মকৌশল পর্যদকে অবহিতকরণ,

বিআরডিবি'র সাংগঠনিক কাঠামো ও অফিস সরঞ্জাম তালিকা টিওএসই) পুনর্বিন্যাসের প্রস্তাবের বিষয়ে নীতিগত অনুমোদন, বিআরডিবি'র আওতায় পরিচালিত ঋণ কর্মসূচিসমূহকে অভিন্ন কাঠামোর অধীনে আনয়নের লক্ষ্যে একটি ফাউন্ডেশন সৃজন, ইউসিসিএসমূহকে স্বাবলম্বি করার লক্ষ্যে আবর্তক ঋণ তহবিল ও স্যালারী সাপোর্ট প্রদানের

বিষয়ে পুনরায় অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ, ইউসিসিএ'র কর্মচারীদের মডেল চাকুরী প্রবিধানমালা, ২০১৭ এর সংশোধনী প্রস্তাব অনুমোদন, বিআরডিবি'র/ ইউসিসিএসমূহের সম্পদ ব্যবস্থাপনা সম্পর্কিত সমস্যা সম্পর্কে আলোচনা প্রভৃতি।



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী উন্নয়নের সূর্য মারার্থে

মৌলভীবাজার জেলার কর্মকর্তাদের
সাথে বিআরডিবি'র সদর কার্যালয়ের
ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত



গত ২৪/০৯/২০১৮ খ্রি. তারিখে মৌলভীবাজার জেলার সাথে বিআরডিবি'র সদর কার্যালয়ের মধ্যে ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়। উক্ত ভিডিও কনফারেন্স অনুষ্ঠানে মৌলভীবাজার জেলা হতে উপপরিচালক ঢাকা সদর দপ্তরের পরিচালক (সরেজমিন), জনাব মোঃ মাহমুদুল হোসাইন খানসহ বিআরডিবি'র অন্যান্য সিনিয়র কর্মকর্তাদের সাথে জেলার কার্যক্রম নিয়ে মতবিনিময় করেন। ফলে বিআরডিবি'র মাঠ পর্যায়ের কার্যক্রমে গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাচ্ছে এবং কর্মপরিবেশ উন্নত হচ্ছে।

তেতুলিয়ায় পিআরডিপি-৩
প্রকল্পের স্কীম উদ্বোধন



পঞ্চগড় জেলার তেতুলিয়া উপজেলায় বাস্তবায়িত পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় সরদার পাড়া ঈদগাহ মাঠের সীমানা প্রাচীর নির্মাণ প্রকল্পের শুভ উদ্বোধন করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার। উপস্থিত ছিলেন পিআরডিপি-৩ এর প্রকল্প পরিচালক, জনাব মোঃ আবু সালেক, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তি বর্গ।

BRDB-HELVETAS
এর প্রশিক্ষণ সমাপন



BRDB-HELVETAS কর্তৃক বাস্তবায়নধীন SDC Local Governance Program-Sharique-IV প্রকল্পের আওতায় গাইবান্ধা জেলায় কর্মরত বিআরডিবি'র কর্মকর্তাদের ২দিন ব্যাপী Financial Management প্রোগ্রামের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার মহাপরিচালক, বিআরডিবি। HELVETAS -Swiss Inter-Cooperation এর আর্থিক সহায়তায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক গাইবান্ধা ও বরিশাল জেলায় প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ আবদুস সবুর, উপপরিচালক, গাইবান্ধা।

গংগাচড়া উপজেলায় পিআরডিপি-৩ প্রকল্পের আওতায়
জমচড়া আহলে হাদিস জামে মসজিদের ভিত্তি প্রস্তর স্থাপন



গংগাচড়া উপজেলায় বাস্তবায়িত পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় জমচড়া আহলে হাদিস জামে মসজিদের ভিত্তি প্রস্তর স্থাপন করেন মাননীয় প্রতিমন্ত্রী জনাব মো. মশিউর রহমান রীশা। পাশে উপস্থিত উপপরিচালক, বিআরডিবি, রংপুর, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও মর্নেয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তি বর্গ।

বিআরডিবি'র পেনশনারদের
পেনশনের চেক বিতরণ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের পেনশন কার্যক্রম সহজীকরণ এবং অবসর গ্রহণকারী কর্মকর্তাদের দীর্ঘ দিনের কাজের সম্মানস্বরূপ গত ১৯-০৯-২০১৮ খ্রি. তারিখে বিআরডিবি হতে অবসর গ্রহণকারী ১৮ জন কর্মকর্তাকে

অবসরভাতা ও গ্রাচুইটি বাবদ ৬.০০কোটি টাকার চেক প্রদান করা হয়। উক্ত চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার। সভাপতিত্ব করে বিআরডিবি'র পরিচালক (প্রশাসন) জনাব মোঃ হাসানুল ইসলাম, এনডিসি।

উদকনিক প্রকল্পের সুফলভোগীদের মাঝে
সেলাই মেশিন বিতরণ



মিঠাপুকুর উপজেলায় বাস্তবায়িত উদকনিক এর ৬০ দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মশালার সমাপনী অনুষ্ঠানে সুফলভোগীদের মাঝে প্রশিক্ষনোত্তর প্রশিক্ষণ উপকরণ (সেলাই মেশিন) বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাননীয় সাংসদ জনাব এইচ এন আশিকুর রহমান ও তাঁর সহধর্মিণী রেহানা আশিকুর রহমান।

৬০.০০লক্ষ
টাকার
মোটর সাইকেল
খণ্ডের
চেক বিতরণ

বিআরডিবি'র মাঠ পর্যায়ের কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে গত ০৪-১১-১৮ তারিখ বিআরডিবি'র সম্মেলন কক্ষে ৪০ জন কর্মকর্তাকে ৬০.০০লক্ষ টাকার

সুদমুক্ত মোটরসাইকেল খণ্ডের চেক বিতরণ করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার। সভাপতিত্ব করে বিআরডিবি'র পরিচালক (প্রশাসন) জনাব মোঃ হাসানুল ইসলাম, এনডিসি।